

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প
পরিসংখ্যান ভবন (৯ম তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.৬৩৫.১৮.০০৬.২৩-০৬০

তারিখ: ১৬ পৌষ ১৪৩০
২৬ ডিসেম্বর ২০২৩


বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর আওতাধীন অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহযোগিতা প্রদান সংক্রান্ত।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) পরিসংখ্যান আইন ২০১৩ এবং Allocation of Business অনুযায়ী প্রতি দশ বছর অন্তর অন্তর অর্থনৈতিক শুমারি পরিচালনা করে থাকে। অর্থনৈতিক শুমারি হলো দেশের মৌলিক অর্থনৈতিক কর্মকাণ্ডের পূর্ণাঙ্গ তথ্যভান্ডার। এ লক্ষ্যে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি বাস্তবায়নের জন্য গত ২৯ আগস্ট ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্পটি অনুমোদিত হয়।

২। দেশের ভৌগোলিক সীমারেখায় অবস্থিত অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত সকল ধরণের স্থায়ী, অস্থায়ী প্রতিষ্ঠান এবং অর্থনৈতিক কর্মকান্ড সম্বলিত খানা এই শুমারির আওতাভুক্ত হবে। শুমারির মাধ্যমে অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহের মালিকানা, কাঠামো, লিগ্যাল স্ট্যাটাস, কর্মকাণ্ডের ধরণ, উৎপাদিত পণ্য বা সেবার ধরণ, কর্মসংস্থান, স্থায়ী সম্পদের মূল্য ইত্যাদি সম্পর্কিত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ করা হবে। অর্থনৈতিক শুমারি ২০২৩-এর তথ্য সংগ্রহ কার্যক্রম দুটি পর্বে সম্পাদিত হবে। শুমারির ১ম পর্বের লিস্টিং কার্যক্রম আগামী এপ্রিল, ২০২৪-এ এবং মূল শুমারি কার্যক্রম ২০২৪-২৫ অর্থবছরের নভেম্বর/ডিসেম্বরে বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে।

৩। অর্থনৈতিক শুমারির প্রাপ্ত তথ্য-উপাত্ত হতে সরকারের পঞ্চবার্ষিক পরিকল্পনা পর্যালোচনায় ব্যবহৃত হবে এবং জাতীয় শিল্পনীতি ২০২২ এর আলোকে উৎপাদনশীল শিল্প কারখানার বাস্তব অবস্থা সম্পর্কে সম্ভাব্য ধারণা পাওয়া যাবে। সরকারের এ গুরুত্বপূর্ণ কার্যক্রমটির সুষ্ঠু বাস্তবায়নে জাতীয় পর্যায়ের পাশাপাশি জেলা এবং উপজেলা পর্যায়ের এফবিসিসিআই, বিজিএমইএ, বিকেএমইএ, এমসিসিআই, ডিসিসিআই, বিসিআই, এফআইসিসিআই, সিসিসিআই, নাসিব ইত্যাদির আওতাধীন সংস্থাসমূহের সহযোগিতা একান্ত প্রয়োজন।

৪। বর্ণিতাবস্থায়, অর্থনৈতিক শুমারি ২০২৩-এর কার্যক্রম সুষ্ঠু এবং যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে দেশের বিভিন্ন বিভাগ/জেলা/উপজেলায় এফবিসিসিআই, বিজিএমইএ, বিকেএমইএ, এমসিসিআই, ডিসিসিআই, বিসিআই, এফআইসিসিআই, সিসিসিআই, নাসিব ইত্যাদির অধীন সংস্থাসমূহ কর্তৃক বিবিএস'র মাঠ পর্যায়ের দপ্তরসমূহকে সার্বিক সহযোগিতা প্রদানের নিমিত্ত নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



মোহাম্মদ মিজানুর রহমান

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোনঃ ৫৫০০৭০৫৬

ইমেইল: dg@bbs.gov.bd

বিতরণ:

- ০১) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ, চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ৬০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ০২) সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ ৭/৭এ, ব্লক এইচ, সেক্টর ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
- ০৩) সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্রধান কার্যালয়, বিকেএমইএ ভবন, ৫৩-৫৪ নবাব সলিমুল্লাহ রোড, চাষাড়া, নারায়ণগঞ্জ-১৪০০।
- ০৪) সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) বিসিআইসি ভবন (৩য় তলা), ৩০-৩১ দিলকুশা, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
- ০৫) সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই), চেম্বার বিল্ডিং (৫ম তলা), ১২২-১২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ০৬) সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই), চেম্বার বিল্ডিং (৫ম তলা), ১২২-১২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
- ০৭) সভাপতি, বাংলাদেশ ফরেন ইনভেস্টরস চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফআইসিসিআই), ৫৯ শ্যামা হাউজ (৩য় তলা), রোড-১, ব্লক আই, বনানী, ঢাকা- ১২১৩।
- ০৮) সভাপতি, চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (সিসিসিআই), ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
- ০৯) সভাপতি জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব), মেজবাহ উদ্দিন প্লাজা (৬ষ্ঠ তলা), ৯১ নিউ সার্কুলার রোড, মৌচাক, ঢাকা- ১২১৭।
- ১০) সংশ্লিষ্ট সংস্থা/দপ্তর

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১) প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বিবিএস, ঢাকা।
- ০২) সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৩) যুগ্মপরিচালক (সকল), বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, বিভাগ।
- ০৪) উপপরিচালক (সকল), জেলা পরিসংখ্যান কার্যালয়, জেলা।
- ০৫) অফিস কপি।